# ইসলামী ব্যাংকের চেয়ারম্যান পদে ওবায়েদ উল্লাহ আল মাসুদের পদত্যাগ



সংগৃহীত ছবি

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি'র চেয়ারম্যান মো. ওবায়েদ উল্লাহ আল মাসুদ পদত্যাগ করেছেন। দায়িত্ব নেওয়ার প্রায় ১১ মাস পর তিনি এই পদ থেকে সরে দাঁড়ান বলে ব্যাংকের একটি বিশ্বস্ত সূত্র নিশ্চিত করেছে।

২০২৩ সালের ২৪ আগস্ট ইসলামী ব্যাংকের পুনর্গঠিত পরিচালনা পর্ষদে তাঁকে চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছিল। ওই সময় পাঁচজন নতুন স্বতন্ত্র পরিচালককে নিয়োগ দেওয়া হয়, যাদের একজন ছিলেন ওবায়েদ উল্লাহ।

পূর্বে তিনি দেশের দুই রাষ্ট্রায়ত্ত ব্যাংকে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। ২০১২ থেকে ২০১৬ সাল পর্যন্ত তিনি রূপালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) এবং ২০১৬ থেকে ২০১৯ সাল পর্যন্ত সোনালী ব্যাংকের এমডি হিসেবে দায়িত্ব পালন করেন। সোনালী ব্যাংকে দায়িত্ব শেষে অবসর গ্রহণ করেন তিনি।

অবসর শেষে তিনি ইসলামী ব্যাংকে চেয়ারম্যান হিসেবে নতুন দায়িত্বে যোগ দেন। তবে সরকারের পরিবর্তন ও ব্যাংকের অভ্যন্তরীণ কাঠামোর পুনর্বিন্যাসের প্রেক্ষাপটে মাত্র ১১ মাসের মাথায় তিনি পদত্যাগ করলেন।

ব্যাংকটির নতুন চেয়ারম্যান কে হবেন, সে বিষয়ে এখনো আনুষ্ঠানিক ঘোষণা আসেনি

LENS ASIA